গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
শিশু কল্যাণ ট্রাস্ট
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন, মিরপুর-২, ঢাকা-১২১৬
www.skt.gov.bd

**স্মারক নম্বর:** ৩৮.০১.০০০০.০০০.০০০.২৭.০০০২.১৯.১১১

তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৯ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **কারণ দর্শানো প্রসঙ্গে।**

আপনি মিজ্ তাহেরন নেছা, সহকারী শিক্ষক, নগরকান্দা শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়-৯৪, নগরকান্দা, ফরিদপুর বিদ্যালয়ে ০২/০৩/২০১৬ (অন্তর্ভুক্তি) তারিখে যোগদান করেন এবং উক্ত বিদ্যালয়ে কর্মরত আছেন। আপনি ডিপিএড প্রশিক্ষণ কোর্স ২০২০-২১ -এ অংশগ্রহণের নিমিত্ত ভর্তি হন। কিন্তু উপজেলা শিক্ষা অফিস, নগরকান্দা, ফরিদপুর এর ১১/১২/২০১৯ তারিখের ৬১৫নং স্মারক পত্রে আপনার ভর্তি আদেশ বাতিল করা হয়। ডিপিএড প্রশিক্ষণ কোর্স ২০২০-২১ বাতিল হওয়ার পরেও কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ৩১/১২/২০১৯ তারিখ হতে প্রশিক্ষণের নির্ধারিত ১৮ (আঠারো) মাস ছাড়াও অতিরিক্ত ০২ (দুই) মাস ১১ দিনসহ ০১ (এক) বছর ০৮ (আট) মাস ১১ (এগারো) দিন অনুপস্থিত থেকে হঠাৎ করে ১২/০৯/২০২১ তারিখ হতে ১৬/০৯/২০২১ তারিখ পর্যন্ত বিদ্যালয়ে উপস্থিত হন।

২। আপনি পরবর্তীতে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ১৭/০৯/২০২১ তারিখ হতে বিদ্যালয়ে অব্যাহতভাবে অনুপস্থিত আছেন মর্মে মাসিক প্রতিবেদন, হাজিরা বহি ও ব্যক্তিগত নথি যাচাইয়ে দেখা যায়।

৩। আপনি মিজ্ তাহেরন নেছা, সহকারী শিক্ষক, ডিপিএড প্রশিক্ষণ কোর্স ২০২০-২১ বাতিল হওয়ার পরেও বিনা অনুমতিতে প্রশিক্ষণের নির্ধারিত ১৮ (আঠারো) মাস ছাড়াও অতিরিক্ত ০২ (দুই) মাস ১১ দিনসহ ০১ (এক) বছর ০৮ (আট) মাস ১১ (এগারো) দিন অনুপস্থিত থেকেছেন। যা দায়িত্বে **চরম অবহেলা** ও **অসদাচরণ**।

৪। বিগত ১৭/০৯/২০২১ তারিখ হতে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে অব্যাহতভাবে বিদ্যালয়ে অনুপস্থিত আছেন। যা চাকরি বিধি অনুযায়ী **অসদাচরন**।

৫। এমতাবস্থায়, গণকর্মচারী শৃঙ্খলা (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ, ২০১৯ এর বিধান মোতাবেক বিদ্যালয়ে অনুপস্থিতির জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধান মতে কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না; তা পত্র প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ট্রাস্ট দপ্তরে কারণ দর্শানোর জন্য বলা হলো। ব্যর্থতায় আপনার কোন জবাব নেই গণ্যে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৯-০৭-২০২৬
সুরাইয়া খান
পরিচালক

স্থায়ী ও বর্তমান ঠিকানা:
মিজ্ তাহেরন নেছা, পিতা- জনাব দেলোয়ার হোসেন, স্বামী- জনাব মোঃ কবির হোসেন, মাতা- মিজ্ ফাতেমা বেগম, গ্রাম- কাই চাইল, ডাকঘর- কাইচাইল (৭৮৩০), উপজেলা- নগরকান্দা, জেলা- ফরিদপুর।

**স্মারক নম্বর:** ৩৮.০১.০০০০.০০০.০০০.২৭.০০০২.১৯.১১১/১ (৬)

তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৯ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপজেলা নির্বাহী অফিসার (চলতি দায়িত্ব ), নগরকান্দা, ফরিদপুর ও সভাপতি, বিদ্যালয় পরিচালনা কমিটি, নগরকান্দা শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়-৯৪, নগরকান্দা, ফরিদপুর।

২। উপজেলা শিক্ষা অফিসার, নগরকান্দা, ফরিদপুর ও সদস্য-সচিব, বিদ্যালয় পরিচালনা কমিটি, নগরকান্দা শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়-৯৪, নগরকান্দা, ফরিদপুর।

৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন, মিরপুর-২, ঢাকা।

৪। কম্পিউটার অপারেটর, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন, মিরপুর-২, ঢাকা (ওয়েবসাইটে আপলোড করবেন)।

৫। প্রধান শিক্ষক, নগরকান্দা শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়-৯৪, নগরকান্দা, ফরিদপুর, যংডাডপ।

৬। অফিস কপি।

২৯-০৭-২০২৬
প্রবীর কুমার হালদার
সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)